খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন

স্মারক নং-খুবি/ইং/১৮/৯৯ তারিখঃ ০৪/১২/১৬খ্রিঃ

<u>এম এ ইন ইংলিশ প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি</u>

খুলনা বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক স্কুলের ইংরেজি ডিসিপ্লিনে ০১ (এক) বছর মেয়াদী **<u>এম এ ইন ইংলিশ</u>** প্রোগ্রামে (শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭) নিম্নলিখিত শর্তসাপেক্ষে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে ঃ (ক) ২০১৩ এবং তৎপরবর্তী বছরসমূহে ইংরেজি-তে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ/অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্নাতক (সম্মান) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদেরকে অবশ্যই ভর্তির সময়ে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র ডিসিপ্লিনে জমা দিতে হবে। খ) খুলনা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সিজিপিএ ন্যূনতম ২.২৫/ ন্যূনতম ৪৫ % মার্কস।
গ) স্বীকৃত অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ন্যূনতম সিজিপিএ ৩.৫। অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় সঞ্চয়ী হিসাব নং- ৪৭৭৫-এ =১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে ভর্তি ফরম ও ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য সংগ্রহ করা যাবে। ব্যাংক চলাকালীন **০৭/১২/২০১৬ থেকে ১১/০১/২০১৭ খ্রিঃ পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ ও ১২/০১/২০১৭ খ্রিঃ পর্যন্ত ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে আবেদনপত্র সকাল ১০ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত জমা দেয়া যাবে।** ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে যোগাযোগ করে/খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.ku.ac.bd দেখে জেনে নিয়ে আবেদন করার পরামর্শ দেয়া হলো। ভর্তি পরীক্ষা আগামী ২১/০১/২০১৭ খ্রিঃ সকাল ১০ঃ০০টা থেকে ১১ঃ০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।
বিঃ দ্রঃ সম্প্রতি ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের আবেদন গৃহীত হবে না।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. সাবিহা হক)
প্রধান, ইংরেজি ডিসিপ্লিন
ও
সভাপতি
এম এ ইন ইংলিশ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৬-১৭)
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮

খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন
এম এ ইন ইংলিশ প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭)
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। **প্রোগ্রামের মেয়াদ** ঃ ০১ (এক) বছর

২। আসন সংখ্যা ঃ সাধারণ আসন সংখ্যা ৫০(পঞ্চাশ) টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। ইংরেজি ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সাধারণ আসনের ৮০% এবং অবশিষ্ট ২০% আসন অন্য শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আগত শিক্ষার্থীদের জন্য বরাদ্দ থাকবে। তবে শর্ত থাকে যে, এই ২০% আসনে যদি যোগ্য প্রার্থী না পাওয়া যায় তাহলে খুলনা বিশ্ববিদ্যালয়ের যোগ্য প্রার্থীদের দ্বারা উক্ত আসনসমূহ পূর্ণ করা হবে।

৩। **আবেদন করার জন্য যোগ্য প্রার্থী** ঃ ২০১৩ এবং তৎপরবর্তী বছর সমূহে ইংরেজি-তে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ/ অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্নাতক (সম্মান) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদেরকে অবশ্যই ভর্তির সময়ে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র ডিসিপ্লিনে জমা দিতে হবে।

৪। **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ** খুলনা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সি জি পি এ ন্যূনতম ২.২৫ ন্যূনতম ৪৫ % মার্কস। স্বীকৃত অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ন্যূনতম সি জি পি এ ৩.৫।

৫। **আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও সনদপত্রের কপি

খ) পাসপোর্ট সাইজের ২ (কপি) ছবি

৬। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সার্টিফিকেট ভর্তির সময় দাখিল করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট ক্লাশ শুরুর তারিখ হতে পরবর্তী ৪ সপ্তাহের মধ্যে দাখিল করা যাবে। অন্যথায় ভর্তি বাতিল হয়ে যাবে।

৭। ইংরেজি ডিসিপ্লিন অফিসে সকাল ১০ঃ০০ টা থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত ছুটির দিন ব্যতীত ফরম জমা নেয়া হবে।

৮। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী ও ভর্তি পরীক্ষার ফল নিজ দায়িত্বে নির্দিষ্ট তারিখে ইংরেজি ডিসিপ্লিনের নোটিশ বোর্ড/ খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.ku.ac.bd থেকে জেনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৯। ভর্তি পরীক্ষা ইংরেজি ভাষা ও সাহিত্য বিষয়ের উপরে অনুষ্ঠিত হবে।

১০। **ভর্তি সংক্রান্ত তারিখসমূহঃ**

ক) ভর্তি ফরম বিতরণ	ঃ ০৭/১২/২০১৬ খ্রিঃ থেকে ১১/০১/২০১৭ খ্রিঃ পর্যন্ত
খ) ভর্তি ফরম জমা দেয়ার শেষ তারিখ	ঃ ১২/০১/২০১৭ খ্রিঃ
গ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	ঃ ১৫/০১/২০১৭ খ্রিঃ
ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ঃ ২১/০১/২০১৭ খ্রিঃ সকাল ১০ঃ০০টা থেকে ১১ঃ০০টা পর্যন্ত
ঙ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ	ঃ ২২/০১/২০১৭ খ্রিঃ
চ) সাধারণ আসন থেকে ভর্তি	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ সকাল ৯ঃ৩০টা থেকে ১২ঃ০০টা পর্যন্ত
ছ) অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ সকাল ৯ঃ৩০টা থেকে ১২ঃ০০টা পর্যন্ত
জ) অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ দুপুর ২ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত
ঝ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের নিবন্ধন	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ দুপুর ১২ঃ০০টা থেকে ২ঃ০০টা পর্যন্ত
ঞ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ দুপুর ২ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত

(বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে ভর্তি চূড়ান্ত হবে)

১১। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ সম্প্রতি ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের আবেদন গৃহীত হবে না।

স্বাক্ষরিত

(প্রফেসর ড . সাবিহা হক)
সভাপতি
এম এ ইন ইংলিশ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৬-১৭)
ও প্রধান, ইংরেজি ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮